




## প্রেস বিজ্ঞপ্তি

### বরিশাল সিটি কর্পোরেশনের মেয়র আবুল খায়ের আব্দুল্লাহকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের ধন্যবাদ জ্ঞাপন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৬ জানুয়ারি ২০২৪খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ময়লা আবর্জনা অপসারণে সহায়তা করায় বরিশাল সিটি কর্পোরেশনের মেয়র আবুল খায়ের আব্দুল্লাহকে ধন্যবাদ জানিয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। উপাচার্য মহোদয় বলেন, বরিশাল সিটি কর্পোরেশন সবসময়ই বরিশাল বিশ্ববিদ্যালয়ের পাশে ছিলো। একটি বিশ্ববিদ্যালয়কে সামনে এগিয়ে নিতে হলে সকলের সহায়তা একান্ত প্রয়োজন। এভাবে সকলের ঐকান্তিক প্রচেষ্টায় বরিশাল বিশ্ববিদ্যালয় অচিরেই একটি পরিচ্ছন্ন ও স্মার্ট ক্যাম্পাসে পরিণত হবে। উল্লেখ্য যে, বরিশাল বিশ্ববিদ্যালয় বরিশাল সিটি কর্পোরেশনের আওতাধীন না হওয়ায় ক্যাম্পাসের ময়লা আবর্জনা অপসারণে বিভিন্ন সময়ে বিভিন্ন প্রতিবন্ধকতা সৃষ্টি হয়। এবিষয়ে বরিশাল সিটি কর্পোরেশনের সহায়তা চাওয়া হলে সহায়তা প্রদানে আশ্বস্ত করেন মেয়র আবুল খায়ের আব্দুল্লাহ। এখন থেকে সপ্তাহে ৩দিন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ময়লা আবর্জনা অপসারণে সহায়তা করবে বরিশাল সিটি কর্পোরেশন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে



উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়